



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2023

CC9-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) “আহা কি দেখিলাম! জন্মজন্মান্তরেও ভুলিব না” — বক্তা কে? বক্তার এরূপ বলার কারণ কী?
- (খ) ‘কপালকুণ্ডলা’ কোন্ জাতীয় উপন্যাস? উপন্যাসটির খণ্ড সংখ্যা ও প্রকাশকাল উল্লেখ করো।
- (গ) ‘কবি’ উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়? উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- (ঘ) “বোধ করি এই কথাই হইতেছিল” — এখানে কোন্ কথার প্রতি ইঙ্গিত করা হয়েছে?
- (ঙ) ‘আরণ্যক’ উপন্যাসটি কোন্ পত্রিকায় ও কত সালে প্রকাশিত হয়? উপন্যাসের কথক কে?
- (চ) ‘আরণ্যক’ উপন্যাসটি বিভূতিভূষণ কোথায় থাকাকালীন রচনা করেছিলেন? এই উপন্যাসে চারটি অপ্রধান চরিত্রের নাম উল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে মতিববি চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে অলৌকিক ও অতিপ্রাকৃতের প্রভাব কতখানি তা সংক্ষেপে আলোচনা করো।
- (গ) ‘পল্লীসমাজ’ উপন্যাসে বিশ্বেশ্বরী চরিত্রটির পরিচয় দাও।
- (ঘ) ‘কবি’ উপন্যাসে ঝুমুর গানের উপযোগিতা বিচার করো।
- (ঙ) ‘আরণ্যক’ উপন্যাসের দুটি নারী চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (চ) ‘আরণ্যক’ উপন্যাসের বিস্তৃত পটভূমিতে অরণ্য প্রাধান্য লাভ করেছে — সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটির শ্রেণি বিচার করো।
- (খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসে লেখকের সমাজভাবনার যে প্রতিফলন ঘটেছে তার পরিচয় দাও।
- (গ) ‘কবি’ উপন্যাসের নামকরণ কতখানি সার্থক হয়েছে — আলোচনা করো।
- (ঘ) ‘আরণ্যক’ উপন্যাসে অবলম্বনে বিভূতিভূষণের প্রকৃতি চেতনার পরিচয় দাও।

—x—